বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন ঃ পিএবিএক্স ঃ ৮৮-০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯২০৫৩৩৩
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : PABX : 88-02-9205310-14, FAX : 88-02-9205333, Web : www.bsmrau.edu.bd

স্মারক নং-বশেমুরকৃবি/ডিন(এজি-২৪.২)/২০১৭/ ৪৭২২ তারিখ : ৪/১/১৮

# বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ডিভিএম প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি, ফিশারিজ, ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স ও কৃষি অর্থনীতি এবং গ্রামীণ উন্নয়ন অনুষদে সামার ২০১৯ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতিতে ৪ (চার) বছর মেয়াদী বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম প্রোগ্রামে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কেবলমাত্র অন-লাইনে আবেদন আহবান করা যাইতেছে।

## ১. আসন সংখ্যা: ৩৩০ (তিনশত ত্রিশ)

| ক্রঃ নং | অনুষদের নাম | আসন সংখ্যা | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | মুক্তিযোদ্ধার পোষ্য | আদিবাসী | |
| ১. | কৃষি অনুষদ | ১০১ | ৬ | ৩ | ১১০ |
| ২. | ফিশারিজ অনুষদ | ৫৫ | ৩ | ২ | ৬০ |
| ৩. | ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ | ৫৫ | ৩ | ২ | ৬০ |
| ৪. | কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ | ৯২ | ৫ | ৩ | ১০০ |
| | | ৩০৩ | ১৭ | ১০ | ৩৩০ |

## ২. ভর্তির জন্য আবেদনের ন্যুনতম যোগ্যতা

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

খ) বিজ্ঞান গ্রুপে ২০১৫ বা ২০১৬ সালে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

গ) ২০১৭ বা ২০১৮ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত,জীববিজ্ঞান এবং ইংরেজি বিষয়ে প্রত্যেকটিতে কমপক্ষে "B" গ্রেড থাকিতে হইবে।

ঘ) এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় **প্রতিটিতে** কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) জিপিএসহ উভয় পরীক্ষার জিপিএ'র যোগফল ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) থাকিতে হইবে।

ঙ) "O" লেভেল এবং "A" লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে "O" লেভেল পরীক্ষার চারটি পেপারে প্রত্যেকটিতে কমপক্ষে " B" গ্রেড থাকিতে হইবে এবং "A" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান প্রত্যেকটিতে কমপক্ষে " B" গ্রেড থাকিতে হইবে।

## ৩. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন এর ফরম কেবলমাত্র অন-লাইনে পুরণ করা যাইবে এবং আবেদন ফি ডাচ্‌বাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে ।

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://bsmrau.edu.bd) প্রবেশ করিয়া অন-লাইনে আবেদন ফরম যথাযথভাবে পুরণ করা হইলে তখনই প্রার্থীকে একটি বিল নম্বর (Bill Number) দেওয়া হইবে। এই বিল নম্বরটি আবেদন ফি জমা দেওয়ার সময় ব্যবহার করিতে হইবে।

(গ) ডাচ্‌বাংলা ব্যাংক লিমিটেড (DBBL)-এর যে কোন মোবাইল ব্যাংকিং **একাউন্ট** বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের **Biller ID 375** নং এ ভর্তি পরীক্ষার ফি বাবদ ৬০০/- টাকা (প্রেরণ খরচ বাদে) জমা দিতে হইবে। উল্লেখ্য যে, Payment System এ যখন Bill Number প্রদান করিতে বলিবে, তখন উক্ত Bill Number-টি ব্যবহার করিতে হইবে। ফি প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে (http://bsmrau.edu.bd) পাওয়া যাইবে।

(ঘ) এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফট/স্ক্যান কপি (JPG Format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করিতে হইবে।

(ঙ) আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করিতে হইবে। মুক্তিযোদ্ধার পোষ্য ও আদিবাসী কোটায় আবেদনকারী প্রার্থীদেরকে নিম্নলিখিত রেকর্ডপত্রের স্ক্যান কপি ওয়েবসাইটে (http://bsmrau.edu.bd) আপলোড করিতে হইবে। অন্যথায় তাহাদের আবেদন কোটায় ভর্তির জন্য বিবেচিত হইবে না।

i) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ii) মুক্তিযোদ্ধা কোটায় যে সকল প্রার্থী দাদা-দাদী বা নানা-নানীর নাতী/নাতনী হিসাবে আবেদন করিবে তাহাদেরকে দাদা-দাদী বা নানা-নানীর সাথে সম্পর্কের প্রত্যয়নপত্র এবং যাহাদের মুক্তিযোদ্ধার সনদপত্রের প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গড়মিল আছে তাহাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/পৌর মেয়র/পৌর কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হইতে হইবে এবং আপলোড করিতে হইবে।

iii) আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধানের সনদপত্র অথবা স্ব-স্ব- জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র।

## ৪. প্রবেশপত্র ডাউনলোড

ক) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মোট GPA-এর ভিত্তিতে মেধাক্রমানুসারে প্রতি কোটায় আসন সংখ্যার ১৫ (পনের) গুণ আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে এবং কেবলমাত্র উপযুক্ত প্রার্থীরাই প্রবেশপত্র ডাউনলোড করিতে পারিবে।

খ) কেবল ভর্তি পরীক্ষার জন্য উপযুক্ত প্রার্থীরাই ১৯ নভেম্বর হইতে ২৪ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করিতে পারিবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের পরে প্রবেশপত্র ডাউনলোড করিবার সিস্টেম বন্ধ থাকিবে। প্রবেশপত্র ডাইনলোড করিতে (http://bsmrau.edu.bd)-তে গিয়া প্রথমে নিজ নিজ HSC Board, Roll Number, Registration Number এবং Bill Number ইনপুট দিতে হইবে। প্রবেশপত্র ডাউনলোড করিয়া A4 সাইজ কাগজে রঙ্গীন প্রিন্ট করিয়া নিতে হইবে এবং Student`s Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করিয়া পরীক্ষার দিন প্রবেশপত্রটি সঙ্গে নিয়া আসিতে হইবে। প্রবেশপত্র ব্যতীত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। প্রবেশপত্র ডাউনলোড করিতে কোন অসুবিধা হইলে admission@bsmrau.edu.bd ঠিকানায় ই-মেইল বা ০১৫৫২৩২৫৩০৫ অথবা ০১৭১৫১৫২২৮২ নম্বরে ফোন করিতে হইবে।

## ৫. লিখিত নির্বাচনী পরীক্ষা

ক) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্ল্যান) ২২ নভেম্বর ২০১৮ এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ করা হইবে।

খ) সকল অনুষদের জন্য কেন্দ্রীয়ভাবে ১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা **আগামি ২৫ নভেম্বর ২০১৮ রবিবার বেলা ১২: ০০ টা থেকে ১:০০** টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হইবে।

গ) **উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরণে** পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা, ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে লিখিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হইবে।

ঘ) নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হইবে, যাহা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হইবে।

ঙ) লিখিত নির্বাচনী পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হইবে।

চ) লিখিত নির্বাচনী পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর ৪০ (চল্লিশ)।

## ৬. MCQ পদ্ধতিতে প্রশ্নের উত্তর প্রদান সম্পর্কিত নির্দেশাবলি

ক) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে প্রণীত হইবে। প্রত্যেক পরীক্ষার্থীকে এক সেট ছাপানো প্রশ্নপত্র এবং পৃথক একটি বিশেষ উত্তরপত্র সরবরাহ করা হইবে।

খ) কোন অবস্থাতেই একাধিক উত্তরপত্র সরবরাহ করা হইবে না।

গ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকিবে। প্রতিটি প্রশ্নের নীচে একটি সঠিক উত্তরসহ চারটি সম্ভাব্য উত্তর থাকিবে। পরীক্ষার্থীকে সঠিক উত্তরটি সনাক্ত করিয়া উত্তরপত্রে সেই উত্তরটির জন্য প্রদত্ত বৃত্ত কালো কালির বলপেন দ্বারা সম্পূর্ণভাবে ভরাট করিয়া দিতে হইবে।

ঘ) পরীক্ষার সময়কাল এক ঘন্টা।

ঙ) পরীক্ষা শেষে প্রশ্নপত্র ও উত্তরপত্র হল পরিদর্শকের নিকট অবশ্যই ফেরত দিতে হইবে।

চ) উত্তরপত্রে নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ছাড়া এবং নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে কোন কিছু লেখা সম্পূর্ণ নিষিদ্ধ। বৃত্ত ভরাট করিবার সময় খেয়াল রাখিতে হইবে যে, বৃত্তটি যেন সম্পূর্ণভাবে কালো বলপেন

দ্বারা ভরাট হয় এবং বৃত্তের বাইরে কোন দাগ না পড়ে। অবাঞ্ছিত দাগ উত্তরপত্রকে কম্পিউটার নিয়ন্ত্রিত অপটিক্যাল মার্ক রিডার (OMR) মেশিনে পাঠের অযোগ্য হইতে পারে। তাই উত্তরপত্রটি সযত্নে ব্যবহার করিতে হইবে এবং কিছুতেই তা ভাঁজ করা, মোড়ানো বা অন্য কোনভাবে বিকৃত করা যাইবে না.।

ছ) উত্তরপত্রের নির্ধারিত স্থানে নাম, রোল নম্বর, অনুষদের পছন্দক্রম ও স্বাক্ষর ইত্যাদি কালো কালির বলপেন দিয়া লিখিতে হইবে।

জ) পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সঙ্গে আনিতে হইবে এবং প্রয়োজনবোধে fx-100(MS,S,V,W,Z,C,D)/fx-570(MS,S,W,Z)/fx-991(MS,W,S,H,Z) মডেলের ক্যালকুলেটর সঙ্গে আনিতে পারিবে। কোন অবস্থাতেই পরীক্ষার হলে মোবাইল ফোন অথবা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখা যাইবে না।

ঝ) উত্তরপত্রে অবশ্যই পরীক্ষার্থীর রোল নম্বর এবং প্রশ্নের সেট সংকেত 'ক' বা 'খ' কালো কালির বলপেন দিয়া নিজ হাতে পূরণ/ভরাট করিতে হইবে।

## ৭. মেধাস্কোর

ক) মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাস্কোর নিরূপণ করা হইবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর এবং বাকি ১০০ নম্বরের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার ফলাফল হইতে ৪০ নম্বর এবং এইচএসসি/সমমানের পরীক্ষার ফলাফল হইতে ৬০ নম্বর ধরা হইবে।

খ) সাধারণ ও সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্য একই পদ্ধতিতে নিরূপিত মেধাক্রম অনুযায়ী পৃথক পৃথকভাবে চূড়ান্ত ও অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হইবে।

## ৮. ভর্তি আইন

ভর্তি কমিটি বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনবোধে ভর্তি সংক্রান্ত যে কোন আইন/নিয়মাবলী সংশোধন, সংযোজন বা পরিবর্তন করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

## ৯. ভর্তি সংক্রান্ত যোগাযোগ

**ক) প্রফেসর ড. মোঃ ময়নুল হক**
ডিন, কৃষি অনুষদ
ও সদস্য সচিব, ভর্তি কমিটি ২০১৯, বশেমুরকৃবি
ফোন নং ৯২০৫৩৩৪, ই-মেইল admission@bsmrau.edu.bd

**খ) মো: শফিকুল ইসলাম খান**
উপ-রেজিস্ট্রার, কৃষি অনুষদ
মোবাইল নং ০১৫৫২৩২৫৩০৫
ই-মেইল admission@bsmrau.edu.bd

গ) **মুহাম্মদ আকরাম হোসেন**, কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল
মোবাইল নং ০১৭১৫১৫২২৮২
ই-মেইল admission@bsmrau.edu.bd

## ১০. ভর্তির জন্য নির্বাচনী পরীক্ষা

ক) নিম্নোক্ত বিষয়সমূহে ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

| ক্রমিক নং | বিষয়ের নাম | মোট নম্বর |
|---|---|---|
| ১. | জীববিজ্ঞান | ২০ |
| ২. | রসায়ন | ২০ |
| ৩. | পদার্থ বিজ্ঞান | ২০ |
| ৪. | গণিত | ১৫ |
| ৫. | ইংরেজি | ১৫ |
| ৬. | সাধারণ জ্ঞান | ১০ |
| | মোট= | ১০০ |

E:\Admission\BS Biggapti 2019

খ) লিখিত পরীক্ষা **আগামি ২৫ নভেম্বর ২০১৮ খ্রীস্টাব্দ সকাল ১২-০০ টায়** বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠিত হইবে। বর্ণিত সময়সূচির কোন পরিবর্তন হইলে তাহা যথাসময়ে SMS এর মাধ্যমে জানানো হইবে।

## ১১. গুরুত্বপূর্ণ তথ্যাবলী

| | |
|---|---|
| দৈনিক জাতীয় পত্রিকায়/বিভিন্ন মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | ৬/০৯/২০১৮ তারিখ, রোজ বৃহস্পতিবার। |
| অন লাইনের মাধ্যমে আবেদন গ্রহণ শুরুর তারিখ | ১১/০৯/২০১৮ তারিখ, রোজ মঙ্গলবার। |
| **অন লাইনের মাধ্যমে আবেদন গ্রহণের শেষ তারিখ** | ১১/১১/২০১৮ তারিখ, রোজ রবিবার, রাত ১২:০০ টা পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীর তালিকা প্রকাশ | ১৮/১১/২০১৮ তারিখ, রোজ রবিবার। |
| প্রবেশপত্র ডাউনলোড | ১৯/১১/২০১৮ তারিখ হইতে ২৪/১১/২০১৮ তারিখ পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্লান) প্রকাশ | ২২/১১/২০১৮ তারিখ, রোজ বৃহস্পতিবার। |
| **ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়** | ২৫/১১/২০১৮ তারিখ, রোজ রবিবার, বেলা ১২:০০ ঘটিকা হইতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ফলাফল প্রকাশ | ২৫/১১/২০১৮ তারিখ, রোজ রবিবার, সন্ধ্যা ৭:০০ ঘটিকা। |
| **মেধা তালিকা হইতে ভর্তি** | ৬/১২/২০১৮ তারিখ, রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত । |
| মেধা তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের আবেদনপত্র গ্রহণ | ৬/১২/২০১৮ তারিখ, রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত । |
| মেধা তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | ১১/১২/২০১৮ তারিখ, রোজ মঙ্গলবার, বিকাল ০৫:০০ ঘটিকা । যাহা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://bsmrau.edu.bd) পাওয়া যাইবে। |
| অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রম অনুসারে অনুষদওয়ারী প্রার্থী নির্বাচন (আসন শূন্য থাকা সাপেক্ষে) | ১৩/১২/২০১৮ তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ৯:৩০ ঘটিকা হইতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্রসহ বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হইয়া অবশ্যই রিপোর্ট করিতে হইবে। তবে উক্ত তারিখ ও সময়ের মধ্যে রিপোর্ট করিতে ব্যর্থ হইলে ধরিয়া নেওয়া হইবে প্রার্থী ভর্তি হইতে ইচ্ছুক নয়। নির্বাচিত প্রার্থীদের তালিকা একই দিন বেলা ০৪ :৩০ ঘটিকায় প্রকাশ করা হইবে। |
| অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রম অনুসারে অনুষদওয়ারী নির্বাচিত প্রার্থীদের শূন্য আসনে ভর্তি | ১৮/১২/২০১৮ তারিখ, রোজ মঙ্গলবার, সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত। প্রয়োজনীয় সকল কাগজপত্র সঙ্গে নিয়া প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হইয়া ভর্তি কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। উল্লেখ্য যে, এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির ফরম প্রদান করা হইবে না। |
| অপেক্ষমান তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের আবেদনপত্র গ্রহণ | ১৮/১২/২০১৮ তারিখ, রোজ মঙ্গলবার, সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত। |